# বিপিএটিসি স্কুল এন্ড কলেজ
## সাভার, ঢাকা
www.bpatcsc.org

ডিও লেটার নং:

তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

**একাদশ শ্রেণির নবাগত ছাত্র-ছাত্রীদের অভিনন্দন**

কলেজের প্রথম দিন, জীবনের এক মাহেন্দ্রক্ষণ - স্বপ্নযাত্রায় নতুন এক মাইলস্টোন। এমন শুভক্ষণে শুভাশিষ ও স্বাগতম।

সম্ভাবনার পৃথিবী ডাকছে তোমাদের জীবনের গান নিয়ে। ঐতিহ্যবাহী বিপিএটিসি স্কুল এন্ড কলেজ তোমার গৌরবগাথার সাথি হবে- তোমাকে করবে স্বপ্নবান ও আত্মপ্রত্যয়ী। আমরা তোমাদের অন্তরে সম্ভাবনা ও স্বপ্নের প্রদীপ জ্বেলে দিবো। তোমাদের আলোয় উদ্ভাসিত হবে আধার চরাচর, দশ দিগন্ত।

তোমার মেধা, মনন, সৃজনশীলতা আর স্বপ্নের সংমিশ্রণে গঠে উঠুক সমৃদ্ধ বাংলাদেশ, সুন্দর পৃথিবী। চতুর্থ শিল্প বিপ্লবোত্তর পৃথিবীতে চাকরির বিশ্ববাজারে দাপটের সাথে টিকে থাকতে হবে তোমাদের। নিবিড় যত্ন করতে হবে তোমাদের স্বপ্ন ও মেধা। তোমরা বিজয়ী হবে, তোমরা সফল হবে; তোমাদের প্রত্যয়ী হাতের স্পর্শে এদেশ হয়ে উঠবে আরও সমৃদ্ধ আরও মর্যাদাবান।

নতুন দিনের, নতুন স্বপ্নের ডাক এসেছে। তৈরী হতে হবে এখনই। সফলতার স্বর্ণদ্বীপে পৌঁছাতে এইচএসসি'র দিবস-রজনী মহামুল্যবান। নিষ্ঠা, শৃঙ্খলা, সততা ও অধ্যবসায় হোক স্বপ্নযাত্রায় তোমাদের নিত্যসাথী। তোমরা সময়, শক্তি ও সম্ভাবনার প্রতি সুবিবেচক হবে, তোমার তোমাকে ভালোবাসতে শিখবে এই প্রত্যাশা আমাদের।

বিপিএটিসি স্কুল এন্ড কলেজ পরিবারে তোমাদের আন্তরিক স্বাগতম। তোমাদের আগামির পথচলা হোক জ্ঞান, মূল্যবোধ ও সাফল্যে সমৃদ্ধ।

শুভকামনা রইল।

২৪.০৯.২৬


ড. মো: রওশন জামাল
পরিচালক (উপসচিব)
বিপিএটিসি, সাভার, ঢাকা
ও
অধ্যক্ষ,
বিপিএটিসি স্কুল এন্ড কলেজ
roushonjamal@yaho.co
m